

পরীক্ষা

এইচএসসি পরীক্ষা : ইংরেজিতে বহিকার ৮১, পরীক্ষা দেয়নি ৭০৮১

নিজস্ব প্রতিবেদক ঢাকা



প্রথম আলো ফাইল ছবি

এইচএসসি ও সমমানের পরীক্ষার তৃতীয় দিনে আজ মঙ্গলবার ইংরেজি প্রথম পত্রের পরীক্ষা ছিল। ৮টি শিক্ষা বোর্ডে আজকের পরীক্ষায় অনুপস্থিত ছিলেন ৭ হাজার ৮১ পরীক্ষার্থী। অনুপস্থিতির হার শূন্য দশমিক ৭২। এ ছাড়া ইংরেজি প্রথম পত্রের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে **৮১ পরীক্ষার্থীকে** বহিকার করা হয়েছে। আজ আন্তশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

আজ সকালে ঢাকা, ময়মনসিংহ, বরিশাল, কুমিল্লা, রাজশাহী, যশোর, সিলেট ও দিনাজপুর এই আট শিক্ষা বোর্ডে এইচএসসি ইংরেজি প্রথম পত্র পরীক্ষা অনুষ্ঠিত হয়। সকাল ১০টা থেকে বেলা ১টা পর্যন্ত অনুষ্ঠিত হয়েছে এ পরীক্ষা। তবে প্রাকৃতিক দুর্ঘাগের কারণে চট্টগ্রাম, মাদ্রাসা ও কারিগরি বোর্ডের পরীক্ষা স্থগিত করা হয়। এই তিন বোর্ডের পরীক্ষা ২৭ আগস্ট থেকে শুরু হবে।

অনুপস্থিত পরীক্ষার্থীদের মধ্যে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীন সবচেয়ে বেশি ১ হাজার ৯৫৮ পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। এ ছাড়া রাজশাহীতে ১ হাজার ১৬৪, কুমিল্লায় ৬৭৭, যশোর শিক্ষা বোর্ডে ৮২৯, সিলেটে ৫৪০, বরিশালে ৪৮৭, দিনাজপুরে ৯২৫, ময়মনসিংহে ৫০১ পরীক্ষার্থী অনুপস্থিত ছিলেন।

বহিক্ষার হওয়া শিক্ষার্থীদের মধ্যে ঢাকা শিক্ষা বোর্ডে সর্বোচ্চ ৩৭ জন, কুমিল্লায় ১৩, যশোরে ৬, সিলেটে ৪, বরিশালে ৮, দিনাজপুরে ৫ ও ময়মনসিংহ বোর্ডে ৮ পরীক্ষার্থীকে বহিক্ষার করা হয়েছে।



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান

স্বত্ত্ব © ২০২৩ প্রথম আলো